# 2019

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## UNIT – I (Prose)

### 'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১। কৈশোর হল শিশুবিকাশের — ১

(ক) প্রথম স্তর

(খ) দ্বিতীয় স্তর

(গ) তৃতীয় স্তর

২। তপেশ চাকরি করতেন — ১

(ক) বারাণসীতে

(খ) এলাহাবাদে

(গ) কলকাতায়

৩। William beebe তাঁর 'Jungle Peace' গ্রন্থে একটি অমূল্য উপদেশ দিয়েছেন । William beebe – ১

(ক) আমেরিকান লেখক

(খ) ফরাসী লেখক

(গ) রোমান লেখক

৪। '... দুইজনেই মনে মনে আশা করিতেন যে বড় হইয়া পল্টু তাঁহার আদর্শকেই বরণ করিবে ।' পল্টুর বয়স কত ? ১

৫। 'একটা ঘটনার সহিত মিলিলেই দুন্দুভি বাজাইব ।' 'দুন্দুভি' শব্দের অর্থ কি ? ১

৬। 'স্ত্রী ছিল না, ছিল আমার পুত্র বিমল।' — বিমল কার ছেলে ? ১

৭। শিশুর বিকাশের ধারাকে রুশো কয়টি স্তরে ভাগ করেছেন ? ১

৮। 'ফলিত জ্যোতিষে যাঁদের আস্থা আছে .... ।' ফলিত জ্যোতিষ কী ? ২

৯। কোন গুণগুলিকে সার্বজনীন তথা বিশ্বজনীন বলে গ্রহণ করা যায় ? ২

১০। কৈশোরকালে কিশোর সংস্কৃতি নামে উপসংস্কৃতির জন্ম কীভাবে হয় ? ২

১১। 'তখন চক্ষু চাহিয়া ভাল করিয়া দেখিলাম যে ওয়েলিংটন নহে । একটি ক্ষুদ্র মার্জার ।' — কে কোন প্রসঙ্গে এই কথা বলেছেন ? ওয়েলিংটন কে ? ৩

১২। ১৯৫২ – ৫৩ সালে মাধ্যমিক শিক্ষায় কোন্ তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল ? ৩

১৩। সাংখ্য দর্শনে কোন তিনটি প্রমাণ গ্রাহ্য ? ৩

১৪। 'আকৃতি ও প্রকৃতি – উভয় দিক দিয়েই ইহাদের মিলের অপেক্ষা অমিলই বেশী।' নরেশ ও পরেশের আকৃতিগত ভিন্নতার পরিচয় দাও। ৩

১৫। 'পরেশ' গল্পে গুরুচরণের চরিত্রে যে দৃঢ়তার পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা কর। ৫

## UNIT – II (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১৬। 'এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়'। ঈসা — ১

(ক) বৌদ্ধ ধর্মের প্রবর্তক

(খ) খ্রীষ্ট ধর্মের প্রবর্তক

(গ) শিখ ধর্মের প্রবর্তক

১৭। 'তারি পদরজের লাগি লুটায় বৃন্দাবন।' বৃন্দাবন — ১

(ক) দিল্লীর নিকটবর্তী শহর

(খ) মথুরার নিকটবর্তী শহর

(গ) জয়পুরের নিকটবর্তী শহর

১৮। শূন্যস্থান পূর্ণ কর ঃ ১

'মৃত্যুমাঝে হবে তবে ______ সবার সমান।'

১৯। প্রাচীন ও মধ্যযুগে বাংলার বণিকরা কোথায় বাণিজ্য করতে যেতেন ? ১

২০। 'জারীর গানে তাহার গলা উঠে সবার আগে ।'— জারী গান কী ? ১

২১। 'কোরাণ-পুরাণ-বেদ-বেদান্ত-বাইবেল-ত্রিপিটক ।' —'ত্রিপিটক' কাদের ধর্মগ্রন্থ ? এটি কোন্ ভাষায় লিখিত ? ২

২২। 'যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে।'—'ব্যাখ্যা কর । ২

২৩। 'চার্বাক চেলা ? বলে যাও বলো আরো'— চার্বাক কার শিষ্য? চার্বাকের দর্শন কিসে বিশ্বাসী ? ২

২৪। 'বিধাতার রুদ্ররোষে দুর্ভিক্ষের দ্বারে বসে'— বিধাতা রুদ্ররূপ ধারণ করতে পারেন — কবির এই আশঙ্কার কারণ কী ? ৩

২৫। 'এই হৃদয়ের চেয়ে বড় আর মন্দির কাবা নাই ।'— অর্থ পরিস্ফুট কর । ৩

২৬। 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়'— বিশ্লেষণ কর। ৩

২৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অবলম্বনে বাংলার প্রকৃতির রূপের বর্ণনা দাও । ৫

## UNIT – III (Reading)

### 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

অনন্যসাধারণ প্রতিভার অধিকারী বঙ্কিমচন্দ্র বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে প্রথম প্রতিভাবান শিল্পী এবং বঙ্কিমচন্দ্রকেই ভারতীয় উপন্যাস সাহিত্যের জনক বলে অভিহিত করা হয় । মাত্র পনেরো বছর বয়সে বঙ্কিমচন্দ্র 'ললিতা ও মানস' নামে একটি ছোট কাব্যগ্রন্থ রচনা করেন । এটি তাঁর একমাত্র কবিতার বই । যদিও কলেজে পড়ার সময় তিনি ঈশ্বর গুপ্ত সম্পাদিত 'সংবাদ প্রভাকর' পত্রিকায় 'কলেজীয় কবিতাযুদ্ধে'ও যোগদান করতেন । কিন্তু বঙ্কিম প্রতিভার পরিপূর্ণ বিকাশ ঘটে গদ্য রচনাতেই। তিনি বাংলায় উপন্যাস রচনার আগে 'Rajmohan's Wife' নামে একটি ইংরেজী

উপন্যাসও রচনা করেন। বঙ্কিমচন্দ্রের প্রথম বাংলা উপন্যাস 'দুর্গেশনন্দিনী' ১৮৬৫ খ্রীঃ প্রকাশিত হয়। এই উপন্যাস প্রকাশের সঙ্গে সঙ্গেই বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে এক নতুন যুগের সূচনা হয়। এরপর বঙ্কিমচন্দ্র আরো অনেকগুলি উপন্যাস রচনা করেন।

(ক) ভারতীয় উপন্যাস সাহিত্যে বঙ্কিমচন্দ্রকে কি বলে অভিহিত করা হয় ? ১

(খ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক কে ছিলেন ? ১

(গ) বঙ্কিমচন্দ্র কত বছর বয়সে তাঁর একমাত্র কাব্যগ্রন্থ রচনা করেন ? কাব্যগ্রন্থটির নাম কী ? ২

(ঘ) বঙ্কিমচন্দ্রের ইংরেজী উপন্যাসটির নাম কী ? ১

(ঙ) বঙ্কিমচন্দ্রের প্রথম বাংলা উপন্যাসটির নাম কী ? উপন্যাসটি কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয় ? ২

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর ঃ ৩

জীবনকে সহজভাবে গ্রহণ করে সাধ্যমত নিজের প্রাত্যহিক কর্তব্যকর্ম সমাপন করাই আমাদের জীবনের ব্রত হওয়া উচিত। নিজ নিজ কর্তব্য, তা যত ক্ষুদ্র হোক না কেন, নিষ্ঠার সঙ্গে পালন করতে পারলেই জীবন সার্থকতায় পরিপূর্ণ হয়ে ওঠে।

## UNIT – IV (Writing)

### 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। মৈত্রী সংঘের ব্যবস্থাপনায় আগামী রবিবার সকাল দশটায় বিনামূল্যে একটি চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে। এতে জনসাধারণকে উপস্থিত হওয়ার অনুরোধ জানিয়ে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

*অথবা*

নিজের শহরকে পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে একটি বিজ্ঞাপন রচনা কর।

৩১। নবনিকেতন স্কুলের অধ্যক্ষের অবসর গ্রহণ উপলক্ষে গতকাল স্কুলে একটি বিদায়ী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। নিম্নে উল্লিখিত সূত্র অনুসারে এই অনুষ্ঠানের একটি প্রতিবেদন রচনা কর।

অনুষ্ঠানে শিক্ষকদের বক্তব্য — বিদায়ী অধ্যক্ষের স্মৃতিচারণ — ছাত্রছাত্রীদের শ্রদ্ধাজ্ঞাপন। ৩

*অথবা*

নেতাজীনগর স্কুলে ২৫শে বৈশাখ রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন পালন করা হয়েছে। নিম্নে প্রদত্ত সূত্রের সাহায্যে এই অনুষ্ঠানের একটি প্রতিবেদন রচনা কর।

অনুষ্ঠানের শুরুতে অধ্যক্ষের বক্তব্য — জন্মদিনের তাৎপর্য — ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান।

৩২। তোমার এলাকার রাস্তায় আলোর অভাব দূর করার অনুরোধ জানিয়ে পৌরপতিকে একটি চিঠি লিখ। ৮

৩৩। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) তোমার প্রিয় লেখক

(খ) স্বামী বিবেকানন্দ

(গ) মানবজীবনে পরিবেশের প্রভাব

(ঘ) বিজ্ঞান ও যন্ত্রসভ্যতা

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। সমাসবদ্ধ পদ যখন একপদে পরিণত হয় তখন তাকে কী বলে ? ১

৩৫। যে সমাসের সমস্যমান পদগুলির অর্থ প্রধান না হয়ে অন্য কোনো বস্তুর অর্থ প্রাধান্য প্রতিষ্ঠিত হয়, তখন তাকে কী সমাস বলে ? ১

৩৬। বনের সদৃশ = উপবন। — কোন সমাস ? ১

৩৭। কৃৎ প্রত্যয় কাকে বলে ? ১

৩৮। নাক্ + আনি = নাকানি — কোন্ প্রত্যয় ? ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১+১+১=৩

(ক) ভৌগলিক

(খ) শারিরীক

(গ) তূলসী

৪০। কারক-বিভক্তি নির্ণয় কর ঃ ১+১=২

কালো মেঘে বৃষ্টি হয় ।

এ কলম দিয়ে লেখা যায় না ।